



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING NEWS BULLETIN

BENGALI/বাংলা

10 APRIL 2024

7:35—7:40 AM IST

=====

রাজ্যে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সংগে সংগে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযানে গতি এসেছে। বিজেপির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল বিকেলে উত্তর লখিমপুরে একটি নির্বাচনী জনসভায় অংশ গ্রহণ করেন। লখিমপুর লোকসভা আসনের চুকুলীভৱীয়ায় বিজেপি মিত্রজোটের প্রাথী প্রদান বরুয়ার সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখতে গিয়ে শ্রী শাহ বলেন যে উত্তর-পূর্বাঞ্চল দেশের সফলতার কাহিনী হিসেবে আত্মপ্রকাশ করেছে। গত ১০ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ৯ হাজার ৫০০-এর অধিক উগ্রপন্থী সদস্য আত্মসমর্পন করে সমাজের মূলস্তৰে ফিরে এসেছে বলে শ্রী শাহ উল্লেখ করেন। অঞ্চলটির নিরাপত্তা পরিস্থিতি উন্নত হোয়ার পরিপ্রেক্ষিতে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন উত্তর-পূর্বের ৮০ শতাংশ এলাকা থেকে প্রত্যাহার করা হয়েছে বলে শ্রী শাহ জানান। জনসভায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মাও বক্তব্য রাখেন।

---

শ্রী শাহ গতকাল সন্ধ্যায় তিনসুকিয়ার চলিহা নগর থেকে থানা চারিআলি পর্যন্ত একটি রোড শো-তে অংশ নেন। ডিবুগড় আসনে বিজেপি মিত্রজোটের প্রাথী তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সন্নোয়ালের হয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আজ প্রচার কার্যসূচীতে অংশ নেবেন। এই আসনে বিরোধী এক্যমন্ত্রের প্রাথী লুরিনজ্যোতি গঁগৈ ও আম আদমী দলের প্রাথী মনোজ ধানোয়ারও প্রতিদ্বন্দিতায় রয়েছেন।

এদিকে আম আদমী দলের নেতৃী অতিশী মারলিনা আজ তেজপুরে দলীয় প্রাথী খুমিরাজ কৌন্দিন্যের হয়ে প্রচারে অংশ নেবেন।

কংগ্রেস দলের যোরহাট আসনের প্রাথী গৌরব গগৈর সমর্থনে ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে। এদিকে ঐ আসনের বিজেপি মিত্রজোটের প্রাথী তপন কুমার গগৈর হয়ে মন্ত্রী অজন্তা নেওগ শিবসাগরে চারটি জন সভায় অংশ গ্রহণ করেন। অন্যদিকে ধুবরী লোকসভা আসনের কংগ্রেস প্রাথী রকিবুল হুসেইন গতকাল বরপেটা জেলার বিভিন্ন স্থানে প্রচার করেন।

মাজুলীতে গতকাল রাজ্যের মন্ত্রী পীযুষ হাজারিকা বিজেপি মিত্রজোটের যোরহাট আসনের প্রাথীর হয়ে প্রচার করেন।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায়ও ক্ষমতাসীন বিজেপি সহ বিরোধী কংগ্রেস ও অন্যান্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান অব্যাহত রেখেছে।

করিমগঞ্জ জেলার চেরাগী গ্রাম পঞ্চায়েতের অর্তগত রংপুর কমিউনিটি হলে করিমগঞ্জ লোকসভা আসনের বিজেপি প্রাথী কৃপানাথ মালাহর সমর্থনে বিধায়ক বিজয় মালাকার প্রচার করেন।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক রোহন কুমার বা জানিয়েছেন যে জেলার বিভিন্ন কার্যালয়ের প্রধান এবং শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যাঙ্ক সহ সরকারী আধিকারিক, কর্মচারীরা জেলা নির্বাচন আধিকারিকের অনুমতি ছাড়া আগামী চৌথা জুন পর্যন্ত জেলা সদর থেকে বের হতে পারবেন না। নির্দেশে আরো বলা হয়েছে যে আগামী ২৬ শে এপ্রিল জেলায় লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে প্রস্তুতিমূলক কাজ চলছে এবং নির্বাচন ঘোষণার পর থেকে জেলার সব সরকারী বিভাগের আধিকারিক ও কর্মচারী জেলা নির্বাচন আধিকারিকের তত্ত্ববধানে রয়েছেন। ইতিমধ্যে এ সংক্রান্ত নিযুক্তিপত্র জারী করা হয়েছে এবং বাকী থাকা নিযুক্তিপত্র প্রস্তুতির কাজ ও জারী করার প্রক্রিয়া চলছে বলেও নির্দেশ উল্লেখ করা হয়েছে।

---

বরাক উপত্যকার তিন জেলা প্রশাসনের পক্ষ থেকে লোকসভা নির্বাচনে ভোটদাতাদের সচেতন করার উদ্দেশ্যে ব্যাপক কার্যসূচি অব্যাহত রয়েছে।

কাছাড় জেলা প্রশাসনের এস ভি ই ই পি সেনের উদ্যোগে গতকাল রাজাবাজার উন্নয়ন খন্ডের মিলনায়তনে ভোটার সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় নেহেরু যুব কেন্দ্রের উপ-সঞ্চালক মেহবুব আলম লক্ষ্মণ আসন্ন লোকসভা নির্বাচনে ভোটদানের হার বৃদ্ধি নিয়ে জেলা প্রশাসন গৃহীত বিভিন্ন পদক্ষেপের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুরূপভাবে গতকাল বাঁশকান্দি উন্নয়ন খন্ড কার্যালয়ে সচেতনতা সভাঅনুষ্ঠিত হয়।

---

হাইলাকান্দি জেলা প্রশাসন ও আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের যৌথ উদ্যোগে গতকাল আলগাপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে ভোটার সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে। সহকারী খন্ড উন্নয়ন আধিকারীকের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার সর্বস্তরের নাগরিককে আগামী ২৬শে এপ্রিল নিজেদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আহ্বান জানানো হয়েছে।

---

করিমগঞ্জ জেলায় সৈদ-উল-ফিতর উৎসব শান্তিপূর্ণভাবে উদযাপন করতে গতকাল জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে তাঁর কার্যালয়ের সভাকক্ষে জেলার ইদগাহ কমিটির কর্মকর্তাদের সঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলা আয়ুক্ত সৈদ উল ফিতর উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপন করতে সকলের সহযোগীতা কামনা করেন। আয়ুক্ত শ্রী যাদব ইদের নামাজের সময় যদি কোনোধরণের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয় বা খবর পাওয়া যায় তবে তৎক্ষণাত তা পুলিশকে জানাতে পরামর্শ দেন। সভায় পুলিশ সুপার পার্থপ্রতীম দাস বলেন যে এই উৎসব যাতে সমগ্র জেলায় শান্তিপূর্ণভাবে উদযাপন করা হয় তার জন্য পুলিশ প্রশাসন সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। উৎসবের দিন যানবাহন চলাচলের ক্ষেত্রে কিছু বিধি নিষেধ থাকবে বলে সভায় সিদ্ধান্ত হয়েছে।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে পোষ্টাল ব্যালট সম্পর্কিত ভোট গ্রহন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডাক ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার চারটি স্থানকে সুবিধা কেন্দ্র হিসেবে অবস্থিত করা হয়েছে। জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানিয়েছেন যে সুবিধা কেন্দ্রগুলির মধ্যে জেলা আয়ুক্তের কার্যালয়, পুলিশ রিজার্ভে দুটি কেন্দ্র এবং এস এস কলেজ রয়েছে।

---